বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
(রাষ্ট্রীয় মালিকানাধীন একটি প্রতিষ্ঠান)
১১৬ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা- ১২০৫
www.bscl.gov.bd

নং- - ১৪.৩৯.০০০০.০১২.০৭.০০৫.২২-১৩৮ তারিখ: ০৫/০৪/২০২৩ খ্রিঃ

# কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর সজীব ওয়াজেদ উপগ্রহ ভূ-কেন্দ্র, গাজীপুরে Solid C-Band Antenna ০২টি Installation এর জন্য (Dimension: 4feetX4feetX10inch) মাপের ০২ টি কংক্রিট Base নির্মাণ এর লক্ষ্যে সরবরাহকারী/ব্যবসায় প্রতিষ্ঠানের নিকট হতে (কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন) Request For Quotation (RFQ) পদ্ধতিতে নিম্নোক্ত পণ্য সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নংঃ | মালামালের বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১। | " Solid C-Band Antenna ০২টি Installation এর জন্য (Dimension: feetX4feetX10inch মাপের ০২টি কংক্রিট Base নির্মাণ)" | বিররণ অনুযায়ী |

কোটেশন শর্তাবলীঃ

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | : | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| ০২ | প্রকিউরিং এনটিটি | : | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) |
| ০৩ | কোটেশন আহবানের ধরন | : | " Solid C-Band Antenna ০২টি Installation এর জন্য (Dimension: feetX4feetX10inch মাপের ০২টি কংক্রিট Base নির্মাণ)" |
| ০৪ | দরপত্র আহবানের সূত্র ও তারিখ | : | নং- - ১৪.৩৯.০০০০.০১২.০৭.০০৫.২২-১৩৬ ; তারিখ: ০৪/০৪/২০২৩ খ্রিঃ |
| ০৫ | প্রকিউরমেন্ট পদ্ধতি | : | কোটেশন প্রদানের মাধ্যমে অনুরোধ জ্ঞাপন (RFQ) |
| ০৬ | বাজেট এবং অর্থায়নের উৎস | : | ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট |
| ০৭ | কোটেশন প্রকাশের তারিখ | : | ০৫.০৪.২০২৩ খ্রিঃ |
| ০৮ | কোটেশন বিতরনের শেষ তারিখ ও সময় | : | ১২.০৪.২০২৩ খ্রিঃ, বেলা ০২:০০ টায় |
| ০৯ | কোটেশন দাখিলের তারিখ ও সময় | : | ১৩.০৪.২০২৩ খ্রিঃ, বেলা ১২:০০ টায় |
| ১০ | কোটেশন খোলার তারিখ ও সময় | : | ১৩.০৪.২০২৩ খ্রিঃ, বেলা ১২:১৫ টায় |
| ১১ | কোটেশন দলিল সরবরাহের অফিস ও কোটেশন গ্রহণকারীর অফিস | : | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল), সেল রোজ-এন-ডেল, ১১৬ কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ ঢাকা-১০০০, বাংলাদেশ। |
| ১২ | কোটেশন দাতার যোগ্যতা | : | পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং সংশ্লিষ্ট কাজের জন্য প্রণীত কোটেশন দলিলের শর্তানুযায়ী। |
| ১৩ | কোটেশন আহবানকারীর নাম, পদবী ও ঠিকানা | : | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল), সেল রোজ-এন-ডেল, ১১৬ কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ ঢাকা-১০০০, বাংলাদেশ। |
| ১৪ | কোটেশন শর্তাবলী | : | ক) পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ২০০৬ ও বিধিমালা ২০০৮ এর শর্তাবলী ছাড়াও সিডিউলে বর্ণিত এবং বিসিএসসিএল কর্তৃক নির্ধারিত ও যে কোন সময় আরোপিত শর্তাবলী মানতে বাধ্য থাকবে।<br>খ) ভ্যাট রেজিস্ট্রেশন, ট্রেড লাইসেন্স, আয়কর প্রদানের সনদপত্র ইত্যাদি হালনাহাদ থাকতে হবে।<br>গ) কোটেশন সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।<br>ঘ) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতীত দাখিলকৃত যে কোন / সকল কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।<br>ঙ) দাবীকৃত বিল হতে সরকারী নিয়মানুসারে আয়কর ও ভ্যাট ( প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।<br>চ) দাখিলকৃত দর বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে কোটেশন বাতিল করা হবে।<br>ছ) সফল দরদাতাকে কাজ সম্পন্ন করার পর নিয়মনুযায়ী কাজের গ্যারান্টি/ওয়ারেন্টি প্রদান করতে হবে। |

(মোঃ শফিকুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব),
বিসিএসসিএল
ফোন : ৪১০৩০০৯১-৯৩

অনুলিপি সদয় অবগতি/অবিগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ
০১। নোটিশ বোর্ড, বিএসসিএল।
০২। ওয়েবসাইট (www.bscl.gov.bd)।

# কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপন দলিল
## (অভ্যন্তরীণ ক্রয়)

**Solid C-Band Antenna ০২টি Installation এরজন্য (Dimension: 4feetX4feetX10inch মাপের ০২টি কংক্রিট Base নির্মাণ)**

স্মারক নং: - ১৪.৩৯.০০০০.০১২.০৭.০০৫.২২-১৩৬; তারিখ-০৪-০৪-২০২৩ ইং


**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড**
**সেল রোজ – এন – ডেল, (৭ম ও ৮ম তলা)**
**১১৬, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।**

## কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল ব্যবহারের নির্দেশিকা

১। কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) ব্যবহার করিয়া স্বল্পমূল্যের সাধারণ কার্য এবং ভৌতসেবা ক্রয়ের জন্য কোটেশনের দলিল প্রস্তুতিতে ক্রয়কারীকে সহায়তা প্রদানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক এই নির্দেশনাবলি (Guidance Notes) প্রণয়ন করা হইয়াছে। সংশ্লিষ্ট সকলকে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর সম্পূরক হিসাবে প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণের পরামর্শ প্রদান করা হইল। উক্ত আইন ও বিধিমালা সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর ওয়েবসাইট (website: http://www.cptu.gov.bd) এ সহজে পাওয়া যাইবে। ক্রয়কারী এবং দরপত্রদাতা উভয়ই এই নোট ও নির্দেশনাবলি অনুসরণ করিবে।

২। কোটেশন প্রদানের অনুরোধ-জ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীন ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩২ অনুসারে জারীকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ হইতে ৭৩ এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে। কোটেশন প্রদানের আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) জাতীয় উত্তমচর্চার (National Best Practices) উপর ভিত্তি করিয়া প্রণয়ন করা হইয়াছে, যাহা ক্রয়ের সুনির্দিষ্ট চাহিদার সহিত সামঞ্জস্যপূর্ণ।

৩। ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ (৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীন কার্য এবং ভৌতসেবা ক্রয়ের জন্য একজন দরপত্রদাতা (ঠিকাদার) নির্বাচনের ক্ষেত্রে কোটেশন প্রদানের আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ), (পিডব্লিউ-১) ব্যবহার করিবে।

৪। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৭১ (১) ও ৭১ (২) অনুসারে পত্র, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে কোটেশন আহ্বান করিতে হইবে। কোটেশন আহ্বান করিয়া কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হইবে না, কিন্তু ন্যূনতম প্রচারের জন্য ক্রয়কারীকে তাহার নিজস্ব নোটিশ বোর্ডে বিজ্ঞাপন টাঙানোসহ ওয়েবসাইটে (যদি থাকে) বিজ্ঞাপনটি প্রকাশ করিতে হইবে এবং প্রচারের জন্য অনুরোধ করিয়া নিকটতম অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগের নিকট প্রেরণ করিতে হইবে।

৫। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) সম্ভাব্য দরপত্রদাতাদের বিনামূল্যে প্রদান বা সহজে প্রাপ্তির ব্যবস্থা করিতে হইবে।

৬। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের সময়সীমা কোনোক্ষেত্রেই ১০ (দশ) দিনের অধিক হইবে না।

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০(৬) অনুসারে কোনো জামানত যেমন, কোটেশন জামানত অর্থাৎ প্রচলিত অগ্রিমমূল্য (Earnest Money), দরপত্র জামানত এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৮। কোটেশন দাখিল, গ্রহণ ও মূল্যায়ন যথাক্রমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭২(১), বিধি ৭২(২) ও বিধি ৭২(৩) অনুসারে করিতে হইবে, যাহা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিবে।

৯। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০(৪) অনুসারে মূল্যায়নের নির্ণায়ক পূর্বেই প্রকাশ করিতে হইবে।

১০। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৫) অনুসারে স্বল্প মূল্যের সহজ কার্য ও ভৌতসেবা কার্যের পরিমাণগত হিসাবসংবলিত বিবরণের উপর নির্ভর করিয়া "থোক মূল্য" (Lump sum) এর ভিত্তিতে হইতে হইবে। এইরূপে দুইটি ভিন্ন বিওকিউ ছক আরএফকিউ এর সহিত সংযুক্ত করা হইয়াছে। ক্রয়কারী সুনির্দিষ্ট ক্রয়ের চাহিদা অনুসারে দুইটি বিওকিউ এর মধ্যে যে বিওকিউ যথাযথ বিবেচনা করিবে, সেইটি ব্যবহার করিবে।

Bangladesh Satellite Company Limited BSCL

১১। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৪)(ক) এর উদ্দেশ্য পূরণকল্পে বৃহদাকার ক্রয়কে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা যাইবে না।

১২। মূল্যায়ন কমিটির সুপারিশ এবং উহা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩(৫) অনুসারে কৃতকার্য দরপত্রদাতাকে চুক্তি স্বাক্ষরের জন্য আহ্বান করিবে।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ২৮ অনুসারে চুক্তির শর্তে রক্ষণযোগ্য অর্থ (retention money) (যাহা 'নিরাপত্তা জামানত' হিসাবে পরিচিত) সম্পর্কিত বিধান রাখিতে হইবে।

১৪। ত্রুটিজনিত দায়ের মেয়াদ সাধারণত ৩ ও ৬ মাসের মধ্যে থাকিবে।

১৫। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪৩ অনুসারে ক্রয়কারীকে ক্রয় কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ করিতে হইবে।

Bangladesh Satellite Company Limited BSCL

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
সেল রোজ-এল-ডেল
১১৬, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

Solid C-Band Antenna ০২টি Installation এর জন্য (Dimension: 4feetX4feetX10inch মাপের ০২ টি কংক্রিট Base নির্মাণ)

এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

স্মারক নং: - ১৪.৩৯.০০০০.০১২.০৭.০০৫.২২-১৩৬; তারিখ-০৪-০৪-২০২৩ ইং

প্রতি

১। বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। ইউনিট-রেটের/থোক দরের (অপ্রযোজ্যটি বিলুপ্ত করিতে হইবে) ভিত্তিতে কোটেশন আহ্বান করা হইল।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনে (যদি কার্যাদেশ দেওয়া হয়) কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম বা ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ১৩ এপ্রিল ২০২৩; বেলা ১২.০০ ঘটিকা বা ইহার পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "Solid C-Band Antenna ০২টি Installation এর জন্য (Dimension:4feetX4feetX10inch) মাপের ০২ টি কংক্রিট Base নির্মাণ" এর জন্য কোটেশন এবং ১৩ এপ্রিল ২০২৩; বেলা ১২.১৫ ঘটিকা এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। নির্ধারিত বা উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী গ্রহণযোগ্য ও যৌক্তিক কারণে কোটেশন দাখিলের সময়সীমা অনধিক ১০ দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কার্য ও ভৌতসেবার পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (বিওকিউ) অনুযায়ী কোটেশন দাখিল করিতে হইবে।

১০। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম **৬০ (ষাট) দিন** দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকিবে।

১১। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হইবে না।

১২। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। উদ্ধৃত দর টাকায় উল্লেখ করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় করিতে হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

Bangladesh Satellite Company Limited
BSCL

১৪। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ **ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN)** নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সচ্ছলতার সনদসংক্রান্ত হালনাগাদ দলিলপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের উপর ভিত্তি করিয়া কোটেশন মূল্যায়ন করিবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৬। একক দর ভিত্তিতে কোটেশন দাখিলের ক্ষেত্রে, একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর বা মূল্য প্রাধান্য পাইবে। কথায় ও সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে, কথায় লিখিত দর বা মূল্য প্রাধান্য পাইবে। থোক মূল্যের ভিত্তিতে কোটেশন মূল্য উদ্ধৃতির ক্ষেত্রে, যদি সংখ্যা ও কথার মধ্যে ব্যতিক্রম পাওয়া যায়, তাহা হইলে কথায় লিখিত মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক গাণিতিক সংশোধনের ক্ষেত্রে, দরপত্রদাতা গাণিতিক সংশোধন গ্রহণে বাধ্য থাকিবে।

১৭। কার্য ও ভৌতসেবা সম্পাদন শুরুর তারিখ হইতে ২০ (বিশ) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

১৮। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিবার জন্য কৃতকার্য দরপত্রদাতাকে আমন্ত্রণপত্র জারি করিতে হইবে। আমন্ত্রণপত্র জারি হইবার ০৭ (সাত) দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিতে হইবে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

**কোটেশন অনুরোধকারী কমকর্তার স্বাক্ষর**

নাম : মোঃ শফিকুল ইসলাম
পদবি : ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
তারিখ : ০৪/০৪/২০২৩ ইং
ঠিকানা : সেল রোজ – এন – ডেল, ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০।
ফোন নম্বর :০১৯৭৭-৫০০০৩৩
ই-মেইল : managing.director@bcscl.com.bd

**বিতরণ:**

1. নোটিশ বোর্ড।
2. দাপ্তরিক নথি।

Bangladesh Satellite Company Limited BSCL

**কোটেশন দাখিলপত্র**

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

স্মারক নং: - ১৪.৩৯.০০০০.০১২.০৭.০০৫.২২-১৩৬; তারিখ-০৪-০৪-২০২৩ ইং

প্রতি
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
সেল রোজ – এন – ডেল
১১৬, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০। ।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, Solid C-Band Antenna ০২টি Installation এর জন্য (Dimension: 4feetX4feetX10inch) মাপের ০২ টি কংক্রিট Base নির্মাণ কার্য ও ভৌতসেবা চুক্তির শর্তাবলি অনুসারে সম্পাদন করিবার জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য .... টাকা [সংখ্যায় ও কথায় উল্লেখ করুন]।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা ইহা মানিতে বাধ্য থাকিব। আরএফকিউ এর বৈধতার মেয়াদ অতিক্রম হইবার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা (Legal Capacity) রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/ আমরা অনুচ্ছেদ ২৮(ঙ) তে বর্ণিত চুক্তির শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ননামে একটির বেশি কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, যতক্ষণ না আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হইবে, ততক্ষণ চুক্তি স্বাক্ষরের জন্য আপনার লিখিত পত্র আমাদের উপর বাধ্যকর হইবে।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনার জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলপত্র (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমার/আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর
তারিখ :

Bangladesh Satellite Company Limited
BSCL

থোক মূল্যের ভিত্তিতে *

# কার্যের পরিমাণগত হিসাবসংবলিত বিবরণ (BoQ)

| আইটেম নম্বর | কাজের আইটেম ভিত্তিক বিবরণ (কাঠামোগত বা নির্মাণগত বিনির্দেশ) | একক | পরিমাণ | দরপত্রদাতা কর্তৃক প্রস্তাবিত মূল্য | |
|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যায় | কথায় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | Solid C-Band Antenna এর জন্য (Dimension: 4feetX4feetX10inch) কংক্রিট বেজ নির্মাণ (এংকর বিল্ডিং এর ছাদে (৩ তলায়) | | ২ থোক | | |
| ২ | Anchor Bolt | | ৮ টি | | |
| ৩ | RF cable & Connector | | ৩০০ মিটার<br>৫০ টি | | |
| | | | | সর্বমোট মূল্য (সংখ্যায় ও কথায়) | |

* ছক (ফরম্যাট) নির্ধারণ করার পূর্বে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৫) এবং ব্যবহারের নির্দেশনা নোটের ৪নং অংশ দেখা যাইতে পারে। থোক চুক্তি মূল্য বিশেষভাবে নির্দিষ্ট একটি স্থির মূল্য এবং সমন্বয়যোগ্য নহে।

[সংখ্যা লিখুন] –টি সংশোধনী যাহা কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণের (বিওকিউ) এই পৃষ্ঠায় আমার/আমাদের দ্বারা যথাযথভাবে অনুস্বাক্ষরিত হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব [তারিখ লিখুন, দিন/মাস/ বৎসর] পর্যন্ত বৈধ থাকিবে।

দরপত্রদাতার স্বাক্ষর ও সিল

Bangladesh Satellite Company Limited BSCL

তারিখ : দিন/মাস/বৎসর

---

নোট।– (এই পদ্ধতিটি যথাযথ বলিয়া বিবেচিত হইলেই ব্যবহার করুন):

১। স্বল্পমূল্য ও সাধারণ এবং কাজের সকল উপাদান প্রাক্কলন করা যাইতে পারে তবে সঠিকভাবে নির্ধারিত নহে।

২। সম্পাদিত কার্য, বিনির্দেশ, ডিজাইন ও ড্রইং সংগতিপূর্ণ হইতে হইবে এবং উহার মূল্য পরিশোধ পুনঃপরিমাপ পদ্ধতিতে করা হইবে।

৩। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড,
সেল রোজ – এন – ডেল,
১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণপত্র
[পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩ (৫)]

আরএফকিউ নং___________

স্মারক নম্বর :_______________ তারিখ : দিন/মাস/বৎসর

প্রতি,

আপনাকে এই মর্মে অবহিত করা হইতেছে যে, Solid C-Band Antenna ০২টি Installation এর জন্য (Dimension: 4feetX4feetX10inch) মাপের ০২ টি কংক্রিট Base নির্মাণ কার্য ও ভৌতসেবা সম্পাদনের জন্য আপনার [তারিখ লিখুন] তারিখের কোটেশনের পরিপ্রেক্ষিতে যথাযথ সংশোধিত চুক্তিমূল্যে [সংখ্যা ও কথায় মূল্য লিখুন] উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে।

আপনাকে এই আমন্ত্রণপত্র ইস্যু হইবার [দিনের সংখ্যা লিখুন] দিনের মধ্যে, তবে কোনোক্রমেই [তারিখ লিখুন] তারিখের পরে নহে, নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তি স্বাক্ষরের জন্য উপস্থিত থাকিতে অনুরোধ করা হইতেছে।

কেবল চুক্তি স্বাক্ষরের পর আপনি কার্যের বাস্তবায়ন শুরু করিতে পারিবেন। আপনাকে আরও অবগত করা হইতেছে যে, এই আহ্বানপত্র চুক্তিসম্পাদনের শর্ত হিসাবে গণ্য হইবে যাহা আইনগতভাবে আপনার জন্য বাধ্যতামূলক।

এতৎসঙ্গে খসড়া চুক্তি ও অন্যান্য দলিল আপনার পর্যবেক্ষণের জন্য সংযুক্ত করা হইল।

| | |
|---|---|
| | ক্রয়কারীর নাম, পদবি ও স্বাক্ষর |
| সংযুক্তি : খসড়া চুক্তি | তারিখ : দিন/মাস/বৎসর |

Bangladesh Satellite Company Limited BSCL

# চুক্তিপত্র

এই চুক্তিপত্রব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড, সেল রোজ - এন – ডেল ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ](অতঃপর ক্রয়কারী হিসাবে অভিহিত) একপক্ষ এবং ...... (অতঃপরঠিকাদার হিসাবে অভিহিত) অন্যপক্ষের মধ্যে অন্যপক্ষের মধ্যে [বৎসর] সালের [মাস] মাসের [তারিখ] তারিখে সম্পাদিত।

যেহেতু ক্রয়কারী সুনির্দিষ্ট কার্য ও ভৌতসেবার অর্থাৎ (কার্য ও ভৌতসেবার সংক্ষিপ্ত বর্ণনা) এর জন্য কোটেশন আহ্বান করিয়াছেন এবং ঠিকাদার কর্তৃক [অঙ্কে ও কথায় চুক্তিকৃত দর] (অতঃপর চুক্তি দর হিসাবে অভিহিত) উক্ত কার্য ও ভৌতসেবা সরবরাহ করিবার জন্য কোটেশন গৃহীত হইয়াছে;

সেহেতু এক্ষণে নিম্নরূপ চুক্তি সম্পাদন করা হইল:

১। এই চুক্তিপত্রে উল্লিখিত শব্দ ও অভিব্যক্তি চুক্তির সাধারণ শর্তাবলির ন্যায় একই অর্থ প্রকাশ করিবে।

২। চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন দলিলের মধ্যে অগ্রগণ্যতার ক্রম হইবে নিম্নরূপ:

(ক) স্বাক্ষরিত চুক্তিপত্র;

(খ) আহ্বানপত্র;

(গ চুক্তির শর্তাবলি;

(ঘ) বিনির্দেশসমূহ;

(ঙ) নকশা ও ডিজাইন;

(চ) কার্যের মূল্যযুক্ত পরিমাণগত হিসাব সংবলিত তফসিল;

(ছ) চুক্তির যেকোনো অংশে উল্লিখিত অন্যান্য দলিল।

৩। এতদ্দ্বারা ঠিকাদার ক্রয়কারীর নিকট অঙ্গীকার করিতেছে যে, ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নিম্নের বর্ণনা অনুযায়ী পরিশোধতব্য অর্থের বিনিময়ে, চুক্তির বিধান মোতাবেক সর্বতোভাবে কার্য ও ভৌতসেবা সম্পাদন ও সম্পন্ন করিবে এবং যেকোনো ত্রুটিজনিত দায় সংশোধন করিবে।

৪। ক্রয়কারী এতদ্দ্বারা অঙ্গীকার করিতেছে যে, ঠিকাদার কর্তৃক চুক্তি মোতাবেক কার্য ও ভৌতসেবা সম্পাদন এবং প্রয়োজনীয় সংশোধন কার্য সম্পন্ন করিলে চুক্তিতে নির্ধারিত সময় ও পদ্ধতিতে ঠিকাদারকে চুক্তিমূল্য বা চুক্তি মোতাবেক প্রদেয় অন্যান্য মূল্য পরিশোধ করিবে।

সাক্ষীগণের সম্মুখে পক্ষগণ উল্লিখিত দিন, মাস ও বৎসরে বাংলাদেশের আইন অনুসারে এই চুক্তি স্বাক্ষর করিল।

| | ক্রয়কারীর জন্য | ঠিকাদারের জন্য |
|---|---|---|
| স্বাক্ষর: | | |
| নাম: | | |
| পদবি: | | |
| জাতীয় পরিচয়পত্র নং: | | |
| উপস্থিত ব্যক্তির নাম: | | |

Bangladesh Satellite Company Limited BSCL

# চুক্তির শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি চুক্তিবদ্ধ উভয়পক্ষ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান প্রযোজ্য হইবে।

৩। ঠিকাদারকে চুক্তি স্বাক্ষরিত হওয়ার [দিনের সংখ্যা লিখুন] দিনের মধ্যে কাজ শুরু এবং [দিনের সংখ্যা লিখুন] দিনের মধ্যে চুক্তির বিধান অনুসারে সর্বোতভাবে সম্পন্ন করিতে হইবে।

৪। ঠিকাদার অবিলম্বে ক্রয়কারীকে কার্যের একটি কর্মসূচি দাখিল করিবে যাহাতে সকল কার্য এবং কার্যের আইটেমসমূহের সম্পাদনের সময় উল্লেখ থাকিবে।

৫। ঠিকাদার আনুপাতিক হারে কার্যের অগ্রগতি বজায় রাখিবে এবং সম্পাদিত কার্যের মূল্যের ভিত্তিতে অগ্রগতি নির্ধারণ করা হইবে।

৬। যদি ক্রয়কারী সাইট হস্তান্তর করিতে বিলম্ব করে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য অন্য কোনো যুক্তিসংগত ও যথাযথভাবে লিপিবদ্ধ কারণ থাকে, তাহা হইলে প্রত্যাশিত কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিত করা যাইবে।

৭। ক্রয়কারী ঠিকাদার কর্তৃক কাজসমূহ পরীক্ষা ও সত্যায়িত করিবে এবং সনাক্তকৃত যেকোনো ত্রুটি সম্পর্কে ঠিকাদারকে অবগত করিবে।

৮। কোনো টেস্টিং ও পরীক্ষা সত্ত্বেও, ক্রয়কারী চাক্ষুষ পরিদর্শন বা মাঠ পর্যায়ের পরীক্ষা দ্বারা ঠিকাদারকে নিম্নোক্ত নির্দেশ প্রদান করিতে পারিবে:

(ক) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও প্রতিস্থাপন;

(খ) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও পুনঃসম্পাদন ; এবং

(গ) কার্যের নিরাপত্তার জন্য জরুরিভাবে প্রয়োজনীয় যেকোনো কার্য সম্পাদন।

৯। ঠিকাদার চলমান কার্যের বিপরীতে সম্পাদিত কার্যের প্রাক্কলিত মূল্য হইতে পূর্ববর্তী সনদে প্রত্যয়িত ক্রমপুঞ্জিত মূল্য বাদ দিয়া মাসিক চালান (invoice) ক্রয়কারীর নিকট দাখিল করিবে।

১০। ঠিকাদার প্রযোজ্য আইনের অধীন সকল কর, শুল্ক, ফি এবং অন্যান্য লেভি পরিশোধের জন্য সম্পূর্ণরূপে দায়ী থাকিবে।

১১। অন্য কোনো রীতিনীতি থাকা সত্ত্বেও, পরিমাপ পদ্ধতি ও পরিশোধের ধরন কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ অনুসারে নিম্নবর্ণিত চুক্তির ভিত্তিতে নির্ধারিত হইবে:

**থোক মূল্যের ভিত্তিতে**

থোক মূল্য পরিশোধ তিনটি কিস্তিতে করা হইবে: প্রথম ধারাবাহিক মূল্য পরিশোধ ত্রিশ (৩০) শতাংশ কার্য সম্পন্ন হইলে করা হইবে, দ্বিতীয় ধারাবাহিক মূল্য পরিশোধ ক্রমপুঞ্জিত পঁচাত্তর (৭৫) শতাংশ কার্য সম্পন্ন হইলে এবং অবশিষ্ট পঁচিশ (২৫) শতাংশ মূল্য পরিশোধ করা হইবে ১০০% কার্য সম্পাদন করা হইলে এবং ক্রয়কারী কর্তৃক যথাযথভাবে প্রত্যয়িত হইবার পর। ঠিকাদার চুক্তির সকল বাধ্যবাধকতা পূরণ করিলে, ক্রয়কারী ঠিকাদারকে টাকায় চূড়ান্ত মূল্য পরিশোধ করিবে।

১২। ঠিকাদারের দর বা মূল্যে মুনাফা, ওভারহেড, সকল ধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। মোট চুক্তিমূল্য [সংখ্যায় ও কথায়] টাকা।

Bangladesh Satellite Company Limited BSCL

১৪। অতিরিক্ত কার্যাদেশের অধীন কোনো কার্যের অনুমতি দেওয়া যাইবে না এবং, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৬৯(৬) এর দফা (ক) ও (গ) সাপেক্ষে ভেরিয়েশন আদেশের অধীন কার্য (থোক ভিত্তি ছাড়া) কোনোক্রমেই চুক্তিমূল্যের পনেরো (১৫) শতাংশের অধিক হইতে পারিবে না।

১৫। প্রয়োজন হইলে ক্রয়কারী বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনসমূহ মূল চুক্তিতে সংযোজন করিয়া পরবর্তী সময়ে চুক্তি সংশোধন করিতে পারিবে।

১৬। ক্রয়কারী ঠিকাদারের প্রতিটি চলতি মূল্য পরিশোধের বিবরণী হইতে রক্ষণযোগ্য অর্থ (retention money) (অর্থাৎ প্রচলিত অর্থে নিরাপত্তা জামানত) হিসাবে দশ (১০) শতাংশ হারে জমা বা কর্তন করিয়া রাখিতে পারিবে।

১৭। ঠিকাদার নোটিশের মাধ্যমে ক্রয়কারীর নিকট কার্য সমাপ্তির সনদ ইস্যুর জন্য আবেদন করিবে এবং ক্রয়কারীও কার্য যথাযথভাবে সম্পন্ন হওয়া সাপেক্ষে উহা জারি করিবে।

১৮। ঠিকাদারের আবেদন প্রাপ্তির সাত (৭) কার্যদিবসের মধ্যে ক্রয়কারী:

(ক) চুক্তি অনুযায়ী কার্য সম্পন্ন হইয়াছে মর্মে সমাপ্তির সনদ ঠিকাদার বরাবর ইস্যু করিবে; অথবা

(খ) কারণ উল্লেখপূর্বক ও সমাপ্তির সনদ ইস্যুকরণার্থে যে সকল কার্যসমূহ সম্পাদন করা/পুনরায় করা প্রয়োজন উহা উল্লেখ করিয়া ঠিকাদারের আবেদন বাতিল করিবে।

১৯। ক্রয়কারী কার্য সম্পাদন সনদ ইস্যু করিবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সাইট এবং কার্য গ্রহণ করিবে।

২০। ঠিকাদার কর্তৃক চূড়ান্ত মূল্য পরিশোধের আবেদনের চৌদ্দ (১৪) দিনের মধ্যে ক্রয়কারী প্রয়োজনীয় সংশোধন বা সংযোজনের পরিসর উল্লেখ করিয়া ত্রুটি সংশোধনের সনদ ইস্যু করিতে পারিবে।

২১। ক্রয়কারী কর্তৃক কার্য সমাপ্তির সনদ ইস্যুর তারিখ হইতে কার্যের ত্রুটিজনিত দায়ের মেয়াদ [মাসের সংখ্যা সন্নিবেশ করুন] মাস হইবে।

২২। ত্রুটিজনিত দায়ের মেয়াদ উত্তীর্ণ হইবার পর এবং এই মেয়াদ শেষ হইবার পূর্বে ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নোটিশকৃত সকল ত্রুটি সংশোধন করা হইয়াছে মর্মে ক্রয়কারী ত্রুটি সংশোধন সংক্রান্ত সনদ ইস্যু করিবে।

২৩। ক্রয়কারী কর্তৃক নোটিশকৃত ক্রটি সংশোধন না হওয়া পর্যন্ত ত্রুটিজনিত দায়ের মেয়াদ সম্প্রসারিত হইবে।

Bangladesh Satellite Company Limited
BSCL

২৪। ক্রয়কারীর নোটিশে উল্লেখিত নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার ত্রুটি সংশোধন না করিলে ক্রয়কারী ত্রুটি সংশোধন করিবার ব্যয় মূল্যায়ন করিবে এবং ঠিকাদার ত্রুটি সংশোধনের উক্ত ব্যয় পরিশোধ করিতে দায়ী থাকিবে।

২৫। ঠিকাদার কার্য সম্পাদনের সময় ক্রয়কারীকে সকল প্রকার ক্ষতি হইতে রক্ষা করিবে ও দায়মুক্ত রাখিবে এবং তাহার নিজের সম্পত্তির বা জীবনের, তাহার শ্রমিক বা কর্মীর ক্ষতি, ক্রয়কারী অথবা যেকোনো তৃতীয় পক্ষের যেকোনো কর্মীর কার্য সম্পাদনের সময় উদ্ভূত যেকোনো দাবি তাহার নিজের খরচে ও দায়িত্বে নিষ্পত্তি করিবে।

২৬। কার্য শুরুর তারিখ হইতে ত্রুটিপূর্ণ দায়ের মেয়াদ পর্যন্ত যদি ঠিকাদারের কারণে মূল কার্যের মধ্যে অন্তর্ভুক্ত কার্য বা উপকরণের ক্ষয়-ক্ষতি হয়, তাহা হইলে ঠিকাদার উহা নিজস্ব খরচে মেরামত করিবে।

২৭। ত্রুটিজনিত দায়ের মেয়াদ শেষ হইবার একুশ (২১) দিনের মধ্যে রক্ষণযোগ্য অর্থ ঠিকাদারকে ফেরত প্রদান করিতে হইবে।

২৮। ক্রয়কারী ঠিকাদারকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে যেকোনো সময় সম্পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করিতে পারিবে, যদি ঠিকাদার :

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর বা কার্য শুরু না করিতে পারে;

(খ) কর্মসূচি অনুযায়ী কাযের্র সন্তোষজনক অগ্রগতি অর্জনে ব্যর্থ হয়;

(গ) নকশা, অঙ্কন ও বিনির্দেশ অনুযায়ী কার্য সম্পাদন করিতে ব্যর্থ হয়;

(ঘ) ক্রয়কারীর লিখিত নোটিশ প্রাপ্তির পর নোটিশে উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে ত্রুটি সংশোধন না করে;

(ঙ) ক্রয়কারীর বিবেচনায় কার্যের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যে লিপ্ত থাকে; এবং

(চ) চুক্তি অনুসারে অন্যান্য বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হয়।

২৯। চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত সকল সম্ভাব্য মতবিরোধ ক্রয়কারী ও ঠিকাদার আপসে মীমাংসা করিবার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

৩০। ঠিকাদার পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এ উল্লিখিত দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যাদি সম্পর্কিত বিধান সম্পর্কে সচেতন থাকিবে ও অনুরূপ কার্যের জন্য দায়ী হইবে।

Bangladesh Satellite Company Limited BSCL

# বিনির্দেশ, নকশা ও অঙ্কন
## (Specifications, Design and Drawings)

| SL | Description of Work | Specification | Unit/Qty |
|---|---|---|---|
| 01. | Antenna Base নির্মাণ | ✓ Concrete Base (Rcc Base)<br>✓ Dimension: (4feetX4feetX10inch)<br>✓ Anchor Building 3rd floor roof top Installation<br>✓ 12mm Rod<br>✓ Double Net | 02 set |
| 02. | Anchor Bolt | ✓ MS<br>✓ L Shape<br>✓ Size: 20-24 mm (4 pcs)<br>✓ Size: 25-28 mm (4 pcs)<br>✓ Nut with washer | 8 pcs |
| 03. | RF cable | ✓ RG6<br>✓ Connector | 300 meter<br>50 pcs |

